# এইচএসসি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা-প্রথম পত্র বিষয় কোড: ২৭৭

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট সৃজনশীল প্রশ্ন পূর্ণমান — ৬০

*দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।*

১.▶উদ্যমী যুবক আহসান ২৫,০০০ টাকা ধার করে মোট ৫০,০০০ টাকার পণ্য সামগ্রী কিনে মুদি দোকান সাজিয়ে ব্যবসায় শুরু করল। স্বল্প পুঁজির কারণে তার দোকানে পর্যাপ্ত পণ্যসামগ্রী নেই। ফলে সে প্রায়ই ক্রেতার চাহিদা পূরণ ব্যর্থ হয়। এতে সে ভীষণ চিন্তিত হয়ে পড়ে। এমতাবস্থায় কয়েকজন নিয়মিত ক্রেতার পরামর্শে সে যেসব পণ্য সরবরাহ করতে পারে না তার একটি তালিকা প্রস্তুত করে পরবর্তীতে ঐসব পণ্য দোকানে তোলেন। কিছুদিনের মধ্যেই তার বিক্রয় বৃদ্ধি পায় এবং ধীরে ধীরে সে ব্যবসায় উন্নতি লাভ করে।

ক. একামালিকানা ব্যবসায় কী? ১

খ. একমালিকানা ব্যবসায়ের অসীম দায় বলতে কী বোঝায়? ২

গ. একমালিকানা ব্যবসায়ের কোন বৈশিষ্ট্যটি উদ্দীপকের ব্যবসায়ীকে প্রতিষ্ঠিত ব্যবসায়ী হতে সাহায্য করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের পরিস্থিতিতে একমালিকানা ব্যবসায় নির্বাচন করার সিদ্ধান্তের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

২.▶কবির তার বাসার পাশে গোমতি ব্যাংক লিমিটেড এ একটি বিশেষায়িত হিসাব খোলে। শুধু মোবাইল সেটের মাধ্যমে সে ব্যাংকের সাথে যোগাযোগ প্রতিষ্ঠা, তথ্য সংগ্রহ, তথ্য প্রদান ও লেনদেন সম্পন্ন করতে থাকে। সে হিসাব খোলার সময় ব্যাংক প্রদত্ত একটি ফরম পূরণ করে এবং তার ব্যবহৃত মোবাইল নম্বরটি প্রদান করে। যেকোনো সময় সে তার ব্যালেন্স জানতে পারে, অর্থ উত্তোলন করতে পারে এবং স্থানান্তর করতে সক্ষম হয়।

ক. তথ্য প্রযুক্তি কী? ১

খ. প্রযুক্তি ব্যবহার ব্যাংকিং কার্যকে সহজতর করেছে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত কবিরের ব্যাংকিং কার্য কোন ধনের ব্যাংকিং? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'প্রচলিত ব্যাংকিং-এর তুলনায় উদ্দীপকে বর্ণিত ব্যাংকিং সহজতর'— বিশ্লেষণ কর। ৪

৩.▶মি: 'ক' একজন আমদানিকারক। তিনি ভারত থেকে শাড়ি কিনে বাংলাদেশের বিভিন্ন মার্কেটে পাইকারি বিক্রি করেন। ব্যবসায়টি লাভজনক হওয়ায় তিনি এর সম্প্রসারণের বিষয়ে ভাবছেন। এতে প্রচুর অর্থ প্রয়োজন। ব্যাংক থেকে ঋণ নিয়ে অর্থসংস্থান সম্ভব হবে। আবার ধনাঢ্য বন্ধু 'খ' কে সমঝোতার ভিত্তিতে ব্যবসায়ের মালিকানায় অন্তর্ভুক্ত করার বিষয়ও বিবেচনা করছেন।

ক. আমদানি কী? ১

খ. নামমাত্র অংশদার বলতে কী বোঝায়? ২

গ. মি: 'ক' এর ব্যবসায়টি সম্প্রসারণে যৌক্তিকতা ও করণীয় নির্ধারণ কর। ৩

ঘ. 'খ' কে অংশীদার হিসেবে গ্রহণের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

৪. ▶ জনাব রাজীব নরসিংদীর মাধবদীতে একটি জামদানি শাড়ির কারখানা স্থাপন করে। মাধবদীতে দক্ষ পোশাক শ্রমিক ও স্থানীয়ভাবে বাজারজাতকরণের সুবিধা রয়েছে। ঐতিহ্যবাহী জামদানি শাড়ির দেশে ও বিদেশে যথেষ্ট চাহিদা ও সুনাম রয়েছে। প্রতিষ্ঠানটি প্রথম দিকে মূলধন সংকটে পড়ে এবং স্থানীয় একটি আর্থিক প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে সমস্যা সমাধান করে। বর্তমানে প্রতিষ্ঠানটি সুনামের সাথে ব্যবসায় পরিচালনা করছে।

ক. সামাজিক ব্যবসায় কী? ১

খ. পণ্যের মালিকানা সংক্রান্ত প্রতিবন্ধকতা কীভাবে দূর করা যায়? ২

গ. জনাব রাজীব মাধবদীতে কারখনা স্থাপনে পরিবেশের কোন উপাদানকে বিবেচনা করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে করো প্রতিষ্ঠানটির সফলতা অর্জনে ব্যবসায় পরিবেশের প্রভাব রয়েছে? উদ্দীপকের আলোকে আলোচনা করো। ৪

৫. ▶ এবিসি লিমিটেড একটি বৃহদায়তন ব্যবসায় প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি সুনাম অর্জন ও মুনাফা বৃদ্ধিকল্পে কিছু সমাজসেবামূলক প্রকল্প হাতে নিচ্ছে। দেশের প্রত্যন্ত অঞ্চলের গরিব ও মেধাবী শিক্ষার্থীদের জন্য শিক্ষাবৃত্তি চালু করতে যাচ্ছে। এতে প্রচুর অর্থ ব্যয় হয়। ফলে প্রতিষ্ঠানটির অভ্যন্তরে এ কাজের সমালোচনা শুরু হয়। কিন্তু প্রশাসন ও ব্যবস্থাপনা প্রতিষ্ঠানের আর্থিক ক্ষতি নিয়ে ভাবছে না বরং এ কাজের ফলে আরও মুনাফা বৃদ্ধির প্রত্যাশা করছে।

ক. ব্যবসায় নৈতিকতা কী? ১

খ. ব্যবসায়িক মূল্যবোধ ও নৈতিকতা পরস্পর সম্পর্কিত— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত এবিসি লিমিটেড এর শিক্ষাবৃত্তি প্রকল্প ব্যবসায়ের কোন দায়িত্বের উদাহরণ? কেন? ৩

ঘ. উল্লিখিত শিক্ষাবৃত্তি প্রকল্পের সফল বাস্তবায়নে প্রতিষ্ঠানটি লাভজনক হবে কী? বিশ্লেষণ কর। ৪

৬. ▶ শাহেদ Y কোম্পানির নিকট হতে ৫ বছর মেয়াদি প্রতিটি ২০০ টাকা মূল্যের ৫০০০ অগ্রাধিকার শেয়ার ক্রয় করে। মেয়াদ শেষে কোম্পানি ১০% অধিহারে তাকে মূল্য পরিশোধ করবে। অপরদিকে শাহেদের বন্ধু অন্য একটি কোম্পানি হতে একই মেয়াদে সমপরিমাণ শেয়ার ক্রয় করে। শর্তানুযায়ী মেয়াদ শেষে অগ্রাধিকার শেয়ার সাধারণ শেয়ারে পরিণত হবে।

ক. ঋণপত্র কী? ১

খ. সকল ধরণের শেয়ারহোল্ডারগণ ব্যবসা পরিচালনা করতে পারে না— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত শাহেদের ক্রয়কৃত শেয়ার কোন ধরনের অগ্রাধিকার শেয়ার? কেন? ৩

ঘ. শাহেদ ও শাহেদের বন্ধুর শেয়ারের মৌলিক পার্থক্য কোথায়? বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

৭. ▶ মি: হাবিব একজন ইঞ্জিনিয়ার। তিনি একটি নতুন ব্যবসায়ের মডেল সরকারের নিকট উপস্থাপন করেন। এতে স্বল্প ব্যয়ে ও সহজ উপায়ে ইন্টারনেট সুবিধা প্রদানের নিমিত্তে সরকারি মালিকানায় ও নিয়ন্ত্রণে একটি কোম্পানি গঠনের প্রস্তাব থাকে। কোম্পানির স্বাধীন আইনগত মর্যাদা ও চিরন্তন অস্তিত্ব থাকবে। জনকল্যাণ ও একচেটিয়া ব্যবসায় রোধ করাই ঐ কোম্পানির মূল লক্ষ্য হবে।

ক. PPP এর পূর্ণরূপ কী? ১

খ. 'বাংলাদেশ রেলওয়ে একটি জনগুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান'— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত মি: হাবিব কর্তৃক প্রস্তাবিত কোম্পানি কোন ধরনের ব্যবসায় সংগঠন? কেন? ৩

ঘ. সাধারণ কোম্পানি ব্যবসায়ের সাথে প্রস্তাবিত কোম্পানি ব্যবসায়ের মৌলিক পার্থক্য নির্ণয় কর। ৪

৮. ▶ কানাডা প্রবাসী ফারজানা বাংলাদেশে এসে কেনাকাটায় বেশ সাবধানতা অবলম্বন করেন। তিনি শপিং মলে গিয়ে পণ্য কেনার সময় দেখেন যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন আছে কি না। বেবি ফুড, প্রসাধনী, ইলেকট্রনিকের আইটেমসহ সকল ক্ষেত্রে তিনি দেখেশুনে কেনার চেষ্টা করেন। বড় কোম্পানির প্রতিষ্ঠিত ব্র্যান্ড দেখে তিনি পণ্য ক্রয়ে আগ্রহী।

ক. ISO এর পূর্ণরূপ কী? ১

খ. ব্র্যান্ড বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের যথাযথ কর্তৃপক্ষ বলতে কাকে বোঝানো হয়েছে এবং এর কাজ কী? ৩

ঘ. ফারজানা যে আইনগত বিষয়টি দেখে পণ্য ক্রয় করেন তার যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৯. ▶ মি: রতন তার ৬০ জন বন্ধু নিয়ে আইনসম্মত ও চিরন্তন অস্তিত্ব সম্পন্ন একটি ব্যবসায় গঠন করেন। তারা ব্যবসায়ের নিবন্ধিন করে এবং কার্যারম্ভের ছাড়পত্র পেয়েই কাজ শুরু করে। অন্যদিকে মি: মানিক তার কলোনীর বিশজন বাসিন্দার পারস্পরিক আর্থিক কল্যাণে একটি নিবন্ধিত সংঘ প্রতিষ্ঠান করেন। সংঘটি বিভিন্ন প্রকার নিত্যপ্রয়োজনীয় পণ্যসামগ্রী উৎপাদকের নিকট হতে সংগ্রহ করে সুলভে সদস্যদের মধ্যে বিতরণ করে।

ক. বিবরণপত্র কী? ১

খ. প্রাইভেট লিমিটেড কোম্পানি বলতে তুমি কি বোঝ? ২

গ. উদ্দীপকে বর্ণিত মি: মানিক কোন ধরনের ব্যবসায় সংগঠনের সদস্য? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত সংগঠন দুটির মধ্যে কোনটি জনকল্যাণে অধিকতর ভূমিকা রাখতে পারে? তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি দেখাও। ৪

Teachingbd.com

http://teachingbd.com

সময় — ৪০ মিনিট | পূর্ণমান — ৪০ | বিষয় কোড: ২ ৭ ৭

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. অন্ত্রী ব্যবসায়ের জন্য সাধারণত কোন ধরনের ব্যবসায় সংগঠন উপযুক্ত?
ক) সমবায় খ) অংশীদারি
গ) কোম্পানি ঘ) একমালিকানা

২. রাষ্ট্রীয় প্রতিষ্ঠান হিসেবে সেবা খাতের অন্তর্ভুক্ত প্রতিষ্ঠান কোনটি?
ক) বাংলাদেশ বস্ত্রকল সংস্থা
খ) বাংলাদেশ পাটকল সংস্থা
গ) বাংলাদেশ পর্যটন সংস্থা
ঘ) বাংলাদেশ বাণিজ্য সংস্থা

৩. ব্রাক ব্যাংক প্রচলিত বিকাশকে ব্যাংকিং এর ভাষায় কী বলে?
ক) অনলাইন ব্যাংকিং খ) হোম ব্যাংকিং
গ) ই-ব্যাংকিং ঘ) মোবাইল ব্যাংকিং

৪. ব্যবসায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তির প্রয়োজন এ কারনে যে —
i. কাজের গতি ও দক্ষতা বাড়ে
ii. দ্রুত তথ্য সংগ্রহ ও প্রেরণ করা যায়
iii. নিশ্চিত লাভ হয়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও।
জনাব সাকিব এলাকায় পোল্ট্রি, ডেইরি ইত্যাদি ফার্ম গড়ে উঠায় পশু খাদ্যসহ বিভিন্ন পণ্যের ব্যবসায় গড়ে তোলেন। ইতিমধ্যে ব্যবসায় বড় হয়েছে। বাকিতে পণ্য সরবরাহ করতে হয় বিধায় তার বাড়তি মূলধনের প্রয়োজন।

৫. জনাব সাকিবের কোন ধরনের সহায়ক সেবার প্রয়োজন?
ক) উন্নয়ন মূলক খ) উদ্দীপনা মূলক
গ) সমর্থন মূলক ঘ) সংরক্ষণ মূলক

৬. জনাব সাকিবের জন্য এক্ষেত্রে কোন উৎস সর্বোত্তম হতে পারে?
ক) বাণিজ্যিক ব্যাংক খ) কর্মসংস্থান ব্যাংক
গ) বেসরকারি ব্যাংক ঘ) বিসিক

৭. বাজারজাতকরণ প্রসার কোন ধরনের উপযোগ সৃষ্টি করে?
ক) কালগত খ) স্থানগত
গ) স্বত্বগত ঘ) জ্ঞানগত

৮. তিন বন্ধু সখের নাট্যক্লাব করেছে। নাটক করে যে আয় হয় তা তারা ভাগ করে নেয়। এক্ষেত্রে বন্ধুদের এ কাজ ব্যবসায়ের কোন বৈশিষ্ট্য বহির্ভূত?
ক) আইনগত বৈধতা খ) মুনাফা অর্জনের উদ্দেশ্য
গ) আর্থিক মূল্যে লেনদেন
ঘ) লেনদেনের পৌণঃপৌণিকতা

৯. ঢাকায় নিজ জমি থাকলেও মি. আবেদ সিলেটের জমি লিজ নিয়ে কমলা চাষ করেন এবং উৎপাদিত কমলা ছোট বড় বিভিন্ন সাইজে ভাগ করে দেশের বিভিন্ন মার্কেটে নিয়ে বিক্রি করেন। মি. আবেদের ব্যবসায়টি আওতার ভিত্তিতে নিচের কোন প্রকৃতির?
ক) শিল্প খ) বাণিজ্য
গ) শিল্প ও বাণিজ্য ঘ) বাণিজ্য ও সেবা

১০. সরকারের শিল্পনীতি ও বাণিজ্যনীতি কোন পরিবেশের মধ্যে পড়ে?
ক) অর্থনৈতিক খ) সামাজিক
গ) রাজনৈতিক ঘ) আইনগত

১১. শ্রমিক কর্মীদের প্রতি ব্যবসায়ের সামাজিক দায়িত্ব হলো —
i. উপযুক্ত বেতন প্রদান ii. চাকুরির নিশ্চয়তা প্রদান
iii. রাজস্ব প্রদান
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

১২. কারিগরি শিক্ষা কোন ধরনের পরিবেশের অন্তর্গত?
ক) প্রযুক্তিগত খ) রাজনৈতিক
গ) সামাজিক ঘ) প্রাকৃতিক

১৩. নিচের কোনটি একমালিকানা ব্যবসায়ের বৈশিষ্ট্য?
ক) আইনসৃষ্ট প্রতিষ্ঠান খ) ঝুঁকি বন্টন
গ) মালিকের স্বাধীনতা ঘ) সসীম দায়

১৪. একমালিকানা ব্যবসায় গঠনে কোথা থেকে ট্রেড লাইসেন্স সংগ্রহ করা হয়?
ক) ইউনিয়ন পরিষদ খ) পৌরসভা
গ) জেলা পরিষদ ঘ) উপজেলা পরিষদ

১৫. সুমন, সুজন ও সজিব যথাক্রমে ১০,০০০, ১৫,০০০ ও ২০,০০০ টাকা নিয়ে একটি লিখিত চুক্তি করে অংশীদারী ব্যবসায় শুরু করেন। চুক্তিতে লাভ-লোকসান বন্টন হারের উল্লেখ ছিল না। বছরে তাদের ৪,৫০০ টাকা মুনাফা হয়। এখন সুমন কত পাবে?
ক) ১০,০০০ টাকা খ) ১২,০০০ টাকা
গ) ১৫,০০০ টাকা ঘ) ২০,০০০ টাকা

১৬. বিপু মডার্ণ হেয়ার কাটিং নামে সেলুনের দোকান চালায়। একে ব্যবসায় বলার পিছনে কারণ —
i. এক্ষেত্রে ঝুঁকি আছে
ii. এতে লেনদেনের পৌণ:পুণিকতা ঘটে
iii. এটি মুনাফা অর্জনের উদ্দেশ্যে পরিচালিত হয়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও ii

১৭. পাবলিক লি: কোম্পানিতে ন্যূনতম কতজন পরিচালক থাকতে হয়?
ক) ২ খ) ৩ গ) ৪ ঘ) ৫

উদ্দীপকটি পড়ো এবং ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও।
সাত বন্ধু নিবন্ধন পত্র সংগ্রহ করে অনেকদিন ধরে একটা ব্যবসায় প্রতিষ্ঠান চালাচ্ছে। সম্ভাবনা থাকলেও নতুন মূলধন সংগ্রহে সমস্যা হওয়ায় তারা মালিকানার ধরন পরিবর্তন করেছে। এখন তারা জনগণকে শেয়ার ক্রয়ের আহ্বান জানাতে পারবে।

১৮. বন্ধুরা অনেকদিন ধরে কোন ধরনের ব্যবসায় প্রতিষ্ঠান চালিয়েছে?
ক) অংশীদারি খ) প্রাইভেট লিঃ কোম্পানী
গ) পাবলিক লিঃ কোং ঘ) যৌথ উদ্যোগ ব্যবসায়

১৯. বন্ধুরা নতুন মূলধন সংগ্রহের সুবিধা ছাড়াও নতুন প্রতিষ্ঠান থেকে আর যে সুবিধা পাবে তা হলো —
i. শেয়ার অবাধে হস্তান্তর করতে পারবে
ii. আইনের কড়াকড়ি থেকে রেহাই পাবে
iii. প্রতিষ্ঠানটির প্রতি জনআস্থা বাড়বে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও i

২০. কিভাবে সমবায় সমিতি পরিচালিত হয়?
ক) সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ করে
খ) সকলের প্রত্যক্ষ অংশগ্রহণের মাধ্যমে
গ) নির্বাচিত পরিষদের মাধ্যমে
ঘ) সকলের মধ্যে বন্ধুত্ব বজায় রেখে

২১. ন্যায্যমূল্যে পণ্য সরবরাহরে মাধ্যমে ব্যবসায় কাদের প্রতি সামাজিক দায়িত্ব পালন করে?
ক) শ্রমিক কর্মীদের প্রতি খ) ক্রেতা ও ভোক্তাদের প্রতি
গ) বিনিয়োগকারীদের প্রতি ঘ) সরকারের প্রতি

Teachingbd.com

২২. সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটি কমপক্ষে কত সদস্য বিশিষ্ট?
ⓚ ৪ ⓚ ৫
ⓖ ৬ ⓖ ৭

(ক) ৪ (খ) ৫
(গ) ৬ (ঘ) ৭

২৩. ISO এর মান নিয়ন্ত্রণের ক্ষেত্র হলো —
i. ভোগ্যপণ্যের পুষ্টিমান
ii. কাঁচামাল মিশ্রণের অনুপাত
iii. সরবরাহকারীদের মান
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) ii (গ) iii (ঘ) ii ও ii

মি. জসিম শহরে একটি পেস্ট্রি দোকান চালায়। নিজেই দোকনে বসে। দুজন কর্মচারী আছে। সে এলাকায় বেশ পরিচিত। পাশেই দুটি স্কুলে গড়ে উঠায় এখন তার ব্যবসায়ের সুযোগ অনেক প্রসারিত।

২৪. মি. জসিমের পেস্ট্রি দোকান ভালো চলে, এর কারণ—
i. দোকানে সাজসজ্জা ভালো বলে
ii. সে নিজেই ব্যবসায় চালায়
iii. তার ব্যবসায়ের অবস্থান ভালো
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) ii (গ) i ও ii (ঘ) ii ও ii

২৫. মি. জসিমের ব্যবসায়গুলো করার পিছনে একমালিকানা ব্যবসায়ের কোন সুবিধা অধিক কাজে লেগেছে?
(ক) রমজানের উৎসাহ
(খ) সহজ পরিচালনা
(গ) দ্রুত সিদ্ধান্ত
(ঘ) গ্রাহকদের সাথে ব্যক্তিগত সম্পর্ক

২৬. সম্ভাব্য উদ্যোক্তাকে তথ্য প্রদান কোন ধরনের সেবা?
(ক) সমর্থনমূলক (খ) সংরক্ষণমূলক
(গ) উদ্দীপনামূলক (ঘ) উন্নয়নমূলক

২৭. চকবাজারে কতিপয় ক্ষুদ্র ব্যবসায়ী ক্রয়-বিক্রয় ও ঋণ সুবিধা লাভের লক্ষ্যে একটি সমবায় সমিতি গঠন করল। উদ্দেশ্য বিবেচনায় এরূপ সমিতি কোন ধরনের?
(ক) ক্রয় সমিতি
(খ) বিক্রয় সমিতি
(গ) ঋণদান সমিতি (ঘ) বহুমুখী সমবায় সমিতি

২৮. রাষ্ট্রীয় ব্যবসায়ের বৈশিষ্ট্য হলো —
i. জনকল্যাণমুখী প্রতিষ্ঠান
ii. রাষ্ট্রীয় পরিচালনা ও নিয়ন্ত্রণ
iii. কৃত্রিম ব্যক্তিসত্তা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও ii

উদ্দীপকটি পড়ো এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও।
মধুসূদন নামে এক ছেলে তার মতো ৫০ জনকে নিয়ে ন্যায্য দাম পাওয়ায় আশায় বিধি মোতাবেক একটি প্রতিষ্ঠান গড়ে তোলে। তাদের অর্জিত মুনাফার ৯০ ভাগ নিজেদের মধ্যে বন্টন করতে চাইলে একজন সদস্য তা আইনগতভাবে সম্ভব নয় বলে জানান।

২৯. উদ্দীপকে বর্ণিত প্রতিষ্ঠানটি কোন ধরনের?
(ক) পাবলিক লিঃ (খ) প্রাইভেট লিঃ
(গ) সমবায় (ঘ) অংশীদারি

৩০. সকল মুনাফা বন্টনের আপত্তির কারণ —
i. সংরক্ষিত তহবিলে জমা ii. উন্নয়ন তহবিলে জমা
iii. সদস্যদের দায় বৃদ্ধি
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও ii

৩১. ই-ব্যাংকিং কী কমাতে সাহায্য করেছে?
(ক) আর্থিক লেনদেন
(খ) ব্যাংকার-গ্রাহক সম্পর্ক
(গ) জালিয়াতির সম্ভবনা
(ঘ) কাগজ ও নথিপত্রের ব্যবহার

৩২. একজন সফল উদ্যোক্তার গুণাবলী কোনটি?
(ক) সৃজনশীল মানসিকতা (খ) আবেগ প্রবণতা
(গ) পরনির্ভরশীলতা (ঘ) মেজাজের ভারসাম্যতা

৩৩. বাংলাদেশের উদ্যোক্তাদের এগিয়ে নিতে সার্বিকভাবে নিচের কোনটি অধিক গুরুত্বপূর্ণ?
(ক) ঋণ সহায়তা প্রদান করা
(খ) প্রশিক্ষণ সহযোগিতা প্রদান করা
(গ) পাঠ্য পুস্তকে উদ্যোগ বিষয়কে অন্তর্ভুক্ত করা
(ঘ) যথাযথ উদ্যোগ পরিবেশ সৃষ্টি করা

৩৪. একজন ব্যবস্থাপক থেকে উদ্যোক্তা ভিন্নতর। এর কারণ কোনটি?
(ক) উদ্যেক্তা ঝুঁকি গ্রহণ করে
(খ) উদ্যোক্তা ব্যবাসায় পরিচালনায় অংশ নেয়
(গ) উদ্যোক্তা সিদ্ধান্ত গ্রহণ করে
(ঘ) উদ্যেক্তা একজন নেতা

উদ্দীপকটি পড়ো এবং ৩৫ ও ৩৬ নং প্রশ্নের উত্তর দাও।
জনাব সোহেলের লেখা বইয়ের একটি অধ্যায় অন্য একটি গাইড বইতে হুবহু তুলে দিয়েছে। জনাব সোহেল বললেন, তার সাহায্যে গাইড বইটির লেখককে তিনি শাস্তির ব্যবস্থাও করতে পারেন। তবে তিনি এক্ষেত্রে দেওয়ানি আদালতের সাহায্য নিবেন বলে জানালেন।

৩৫. জনাব সোহেলের গৃহীত পদক্ষেপ বলতে কী বোঝানো হয়েছে?
(ক) পেটেন্ট (খ) নিবন্ধন
(গ) ট্রেডমার্ক (ঘ) কপিরাইট

৩৬. উদ্দীপক অনুসারে গাইড বইয়ের লেখকের জন্য যে আইনগত ব্যবস্থা হতে পারে —
(ক) ৪ বছর কারাদন্ড (খ) ৬ মাস কারাদন্ড
(গ) ২ লাখ টাকা অর্থদন্ড
(ঘ) বই প্রকাশে নিষেধাজ্ঞা জারী

৩৭. অংশীদারী চুক্তি হতে পারে —
i. মৌখিক ii. লিখিত
iii. নিবন্ধিত
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩৮. রাষ্ট্রীয় ব্যবসায়ের উদ্দেশ্য কী?
(ক) জন কল্যাণ
(খ) সদস্যদের আর্থিক কল্যাণ
(গ) মুনাফা অর্জন (ঘ) রাষ্ট্রীয় নিবন্ধন

৩৯. TMSS এর সম্পূর্ণ রূপ কী?
(ক) ঠেঙ্গামারা মহিলা সম্প্রদায় সংঘ
(খ) ঠেঙ্গামারা মহিলা সবুজ সংঘ
(গ) ঠেঙ্গামারা মহিলা সম্প্রদায় সমিতি
(ঘ) ঠেঙ্গামারা মহিলা সোনালী সংঘ

৪০. পণ্যকে সমজাতীয় অন্য পণ্য থেকে আলাদা করে চেনার জন্য কোনটি গুরুত্বপূর্ণ?
(ক) পেটেন্ট
(খ) ট্রেডমার্ক
(গ) কপিরাইট (ঘ) নিবন্ধন

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ঘ | ২ | গ | ৩ | ঘ | ৪ | ক | ৫ | গ | ৬ | ক | ৭ | ঘ | ৮ | খ | ৯ | গ | ১০ | গ | ১১ | ক | ১২ | ক | ১৩ | গ | ১৪ | খ | ১৫ | গ | ১৬ | ঘ | ১৭ | খ | ১৮ | খ | ১৯ | খ | ২০ | ঘ |
| | ২১ | খ | ২২ | গ | ২৩ | ক | ২৪ | ঘ | ২৫ | খ | ২৬ | গ | ২৭ | ঘ | ২৮ | খ | ২৯ | গ | ৩০ | ক | ৩১ | গ | ৩২ | ক | ৩৩ | গ | ৩৪ | ক | ৩৫ | ঘ | ৩৬ | খ | ৩৭ | ঘ | ৩৮ | ক | ৩৯ | খ | ৪০ | খ |

http://teachingbd.com